

বাংলাদেশ



গেজেট



কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৩, ২০২০

সূচীপত্র

ক্রম	খণ্ড	পৃষ্ঠা নং	বিবরণ	পৃষ্ঠা নং
১ম	খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	৪৭৭—৪৯২	৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
২য়	খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	৫৩১—৫৫৩	৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	১১
৩য়	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	নাই	ক্রোড়পত্র—সংখ্যা (১)সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের গুয়ারী। (২)বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই নাই
৪র্থ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই	(৩) বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
৫ম	খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই	(৪) কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
৬ষ্ঠ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	৫৪৭—৫৭১	(৫) তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
			(৬) তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়
সচিবালয় অধিশাখা

পরিপত্র

তারিখ : ০১ চৈত্র, ১৪২৬/১৫ মার্চ, ২০২০

বিষয় : মন্ত্রণালয়/বিভাগ/মাঠ প্রশাসন/অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তরে কর্মরত কর্মচারীগণের অফিস আসবাব, অফিস সরঞ্জাম, স্টেশনারি, ক্রোকোরিজ, সংবাদপত্র ও ম্যাগাজিন প্রাপ্যতার প্রাধিকার পুনর্নির্ধারণ।

নং ০৫.০০.০০০০.১২২.০৬.০০১.১৬-৫৪—উপর্যুক্ত বিষয়ে, মন্ত্রণালয়/বিভাগ/মাঠ প্রশাসন/অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তরে কর্মরত কর্মচারীগণের অফিস আসবাব, অফিস সরঞ্জাম, স্টেশনারি, ক্রোকোরিজ, সংবাদপত্র ও ম্যাগাজিন ইত্যাদি বিষয়ক ইতোপূর্বে জারীকৃত সকল সরকারি আদেশসমূহ বাতিলপূর্বক নিম্নক্রমে নিম্নরূপে পুনর্নির্ধারণ করা হলো;

(ক) অফিস আসবাব

ক্রম	প্রাধিকারভুক্ত দ্রব্যাদির বিবরণ	সচিব/অতিরিক্ত সচিব	যুগ্মসচিব	উপসচিব	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব	প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তা
০১	ফুল সেক্রেটারিয়েট টেবিল/হাফ সেক্রেটারিয়েট টেবিল	০১টি সিনিয়র এক্সিকিউটিভ টেবিল (সাইট টেবিলসহ+ড্রয়ার ইউনিট), সাইজ : কমপক্ষে (১৮০×১২০×৭৫) সেমি (পরিমাপ অনুযায়ী টপ গ্লাসসহ)	০১টি সিনিয়র এক্সিকিউটিভ টেবিল (সাইট টেবিলসহ+ড্রয়ার ইউনিট), সাইজ : কমপক্ষে (১৬০×১২০×৭৫) সেমি (পরিমাপ অনুযায়ী টপ গ্লাসসহ)	০১টি সিনিয়র এক্সিকিউটিভ টেবিল (সাইট টেবিলসহ+ড্রয়ার ইউনিট), সাইজ : কমপক্ষে (১৬০×১০০×৭৫) সেমি (পরিমাপ অনুযায়ী টপ গ্লাসসহ)	০১টি সিনিয়র এক্সিকিউটিভ টেবিল + ড্রয়ার ইউনিট, সাইজ : কমপক্ষে (১০০×৮০×৭৫) সেমি (পরিমাপ অনুযায়ী টপ গ্লাসসহ)	০১টি হাফ সেক্রেটারিয়েট কাঠের টেবিল (সাইট ড্রয়ারসহ)

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৪ ৭ ৭)

ক্রম	প্রাধিকারভুক্ত দ্রব্যাদির বিবরণ	সচিব/অতিরিক্ত সচিব	যুগ্মসচিব	উপসচিব	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব	প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তা
০২	ইউটিলিটি টেবিল (প্রয়োজন অনুযায়ী)	০১টি (২ সেলফ + ২ দরজা বিশিষ্ট) টেবিলের সাথে সামঞ্জস্যপূর্ণ	০১টি (২ সেলফ + ২ দরজা বিশিষ্ট) টেবিলের সাথে সামঞ্জস্যপূর্ণ	০১টি (২ সেলফ + ২ দরজা বিশিষ্ট) টেবিলের সাথে সামঞ্জস্যপূর্ণ	০১টি (২ সেলফ + ২ দরজা বিশিষ্ট) টেবিলের সাথে সামঞ্জস্যপূর্ণ	-----
০৩	আর্মড কুশন চেয়ার/রিভলভিং চেয়ার/কাঠের চেয়ার	০১টি সিনিয়র এক্সিকিউটিভ কুশন চেয়ার/রিভলভিং চেয়ার/কাঠের চেয়ার	০১টি এক্সিকিউটিভ কুশন চেয়ার/রিভলভিং চেয়ার/কাঠের চেয়ার	০১টি এক্সিকিউটিভ কুশন চেয়ার/রিভলভিং চেয়ার/কাঠের চেয়ার	০১টি এক্সিকিউটিভ কুশন চেয়ার/রিভলভিং চেয়ার/কাঠের চেয়ার	চাহিদা ও প্রাপ্যতা অনুযায়ী বিদ্যমান চেয়ার
০৪	আর্মড কুশন/ক্যান সিটেড চেয়ার/ভিজিটিং চেয়ার	০৫টি	০৫টি	০৪টি	০৩টি	০১টি
০৫	সোফা সেট	০২ সেট এবং ডিভান- ০১ টি (সোফা সেট ভিআইপি ৫ সীটের + সেন্টার টেবিল)	সোফা ০১ সেট + সেন্টার টেবিল	-----	-----	-----
০৬	বুকসেলফ (অনুরোধে)	০২টি	০২টি	০২টি	০১টি	-----
০৭	স্টিল ফাইল ক্যাবিনেট	০২টি	০১টি	০১টি	০২টি	০২টি
০৮	আলমিরা (স্টিল/কাঠ)	০১টি	০১টি	০১টি	০১টি	০১টি
০৯	পা-দানী	০১টি	০১টি	০১টি	০১টি	০১টি
১০	ফাইল র্যাক	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী
১১	দেয়াল আয়না	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
১২	কোট হ্যাঙ্গার/স্ট্যান্ড	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি

(খ) অফিস স্টেশনারি/অফিস সরঞ্জাম

ক্রম	প্রাধিকারভুক্ত দ্রব্যাদির বিবরণ	সচিব/অতিরিক্ত সচিব	যুগ্মসচিব	উপসচিব	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব	প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা
০১	পেন স্ট্যান্ড (কলমসহ)	চাহিদানুযায়ী	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
০২	মার্কার পেন	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী
০৩	স্ট্যাপলার মেশিন	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
০৪	পাঞ্চিং মেশিন (এক/দুই ছিদ্র)	০১+০১ টি	০১+০১ টি	০১+০১ টি	০১+০১ টি	০১+০১ টি
০৫	পেন্সিল হোল্ডার	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
০৬	পেপার ওয়েট	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী
০৭	পেন্সিল কাটার	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
০৮	পেন্সিল	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
০৯	ইরেজার (রাবার)	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
১০	ফ্ল্যাক্সোসীল	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
১১	জেমস ক্লীপ	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী
১২	তোয়ালে (মাঝারি)	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	০২টি (বড়+ মাঝারি)	০২ টি (বড় + মাঝারি)	০১ টি (বড়)
১৩	হ্যান্ড ওয়াশ/লিকুইড সাবান	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	০২ টি	০১ টি (মাসিক)
১৪	ডেস্ক ক্যালেন্ডার	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
১৫	প্যাডেল স্ট্যান্ড/টেবিল ফ্যান	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
১৬	ফুলদানি	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	চাহিদানুযায়ী	-----
১৭	দেয়ালঘড়ি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
১৮	টিস্যু পেপার	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	০৩ টি	০২ টি
১৯	টয়লেট পেপার	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	০৩ টি	০২ টি
২০	ক্যালকুলেটর	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
২১	টিউর গাম/স্টীক/ পেন গাম	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি

ক্রম	প্রাধিকারভুক্ত দ্রব্যাদির বিবরণ	সচিব/অতিরিক্ত সচিব	যুগ্মসচিব	উপসচিব	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব	প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা
২২	প্লাস্টিক বালতি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
২৩	প্লাস্টিক মগ	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
২৪	প্লাস্টিক বদনা	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
২৫	প্লাস্টিক গামলা	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
২৬	পেপার বাস্কেট	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
২৭	স্কচ টেপ	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী
২৮	গার্ড ফাইল	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী
২৯	সিগনেচার পেন	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
৩০	পাপোষ	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
৩১	পেপার শ্রেডার	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
৩২	কম্পিউটার, ল্যাপটপ	০১/০১ টি	০১/০১ টি	০১/০১ টি	০১/০১ টি	১ টি (ডেস্কটপ কম্পিঃ)
৩৩	স্ক্যানার	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
৩৪	পেনড্রাইভ/ইউ এস বি	প্রয়োজন অনুযায়ী	০১ টি	০১ টি	০১ টি(প্রতি ০৩ মাসে)	০১ টি (প্রতি ০৬ মাসে)
৩৫	ব্ল্যাক সিডি (রাইট/রিরাইটেবল)	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী
৩৬	ইন্টারনেট	সংযোগ থাকবে	সংযোগ থাকবে	সংযোগ থাকবে	সংযোগ থাকবে	সংযোগ থাকবে
৩৭	মাউসপ্যাড	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
৩৮	ফ্যাক্স	০১ টি	০১ টি	০১ টি		-----
৩৯	টিভি	০১ টি	০১ টি	-----	-----	-----
৪০	ফ্রিজ (ছোট)	০১ টি	০১ টি	-----	-----	-----
৪১	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	প্রয়োজন অনুযায়ী	০১ টি	০১ টি	০১ টি	প্রশাসনিক কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীর দাপ্তরিক কার্যালয় শীতাতপ নিয়ন্ত্রণের আওতায় আনতে হবে।
৪২	প্যাটিসন ফোল্ডিং/ডিভাইডার	প্রয়োজন অনুযায়ী	-----	-----	-----	-----
৪৩	কম্পিউটার টেবিল/চেয়ার	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী
৪৪	টিভি স্ট্যান্ড	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	-----	-----	-----
৪৫	ওয়াটার ফিল্টার	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী

(গ) ক্রোকরিজ

ক্রম	প্রাধিকারভুক্ত দ্রব্যাদির বিবরণ	সচিব/অতিরিক্ত সচিব	যুগ্মসচিব	উপসচিব	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব	প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা
০১	ফুলপ্রেট	প্রয়োজন অনুযায়ী	০৬ টি	০৬ টি	০৪ টি	০৩ টি
০২	হাফপ্রেট	প্রয়োজন অনুযায়ী	০১ ডজন	০৬ টি	০৩ টি	০৩ টি
০৩	কাপ ও পিরিচ	প্রয়োজন অনুযায়ী	০১ সেট (০১ ডজন)	১/২ সেট (০৬ টি কাপ ০৬ টি পিরিচ)	১/২ সেট (০৬ টি কাপ ০৬ টি পিরিচ)	১/৩ সেট (০৩ টি কাপ ০৩ টি পিরিচ)
০৪	টি-সেট	০১ টি	০১ টি	-----	-----	-----
০৫	চা-চামচ	প্রয়োজন অনুযায়ী	০১ ডজন	০৬ টি	০৬ টি	০৬ টি
০৬	কাটা-চামচ	০১ ডজন	০১ ডজন	০৬ টি	০৬ টি	০৩ টি
০৭	জগ	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
০৮	পানির গ্লাস	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী
০৯	গ্লাসের ঢাকনা	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী
১০	গ্লাস প্যাড	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী	প্রয়োজন অনুযায়ী
১১	ফ্ল্যাক্স	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
১২	বৈদ্যুতিক কেটলি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি	০১ টি
১৩	মাইক্রো ওভেন স্ট্যান্ডসহ	০১ টি	০১ টি	-----	-----	-----

(ঘ) এ্যারোসল, এয়ারফ্রেশনার এবং কারসেন্ট

ক্রম	প্রাধিকারভুক্ত দ্রব্যাদির বিবরণ	সিনিয়র সচিব/সচিব	অতিরিক্ত সচিব	যুগ্মসচিব	উপসচিব	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব	প্রশাসনিক ব্যক্তিগত কর্মকর্তা	মন্তব্য
০১	এ্যারোসল	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০৪ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০৩ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০৩ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০২ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০২ টি)	-----	প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তাগণকে দাণ্ডারিক কক্ষে ব্যবহারের জন্য
০২	এয়ারফ্রেশনার	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০৪ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০৩ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০৩ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০৩ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০২ টি)	-----	মাসিক ০১ টি এ্যারোসেল ও একটি এয়ার ফ্রেশনার সরবরাহ করা যেতে পারে।
০৩	কার সেন্ট	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০২ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০২ টি)	অন্যন্য মাসিক ০২ টি	অন্যন্য মাসিক ০২ টি	-----	-----	কেবলমাত্র সরকারি গাড়িতে ব্যবহারের (ক্ষেত্রে “কার সেন্ট” ও
০৪	অটোসেন্ট	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০২ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০১ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০১ টি)	চাহিদা অনুযায়ী (অন্যন্য মাসিক ০১ টি)	-----	-----	“অটোসেন্ট” ব্যবহার প্রয়োজ্য

(ঙ) সংবাদপত্র ম্যাগাজিন

ক্রম	প্রাধিকারভুক্ত দ্রব্যাদির বিবরণ	সিনিয়র সচিব/সচিব	অতিরিক্ত সচিব	যুগ্মসচিব	উপসচিব	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব	
০১	সংবাদপত্র/ ম্যাগাজিন	চাহিদা অনুযায়ী ০৩ টি দৈনিক বাংলা, ০২ টি দৈনিক ইংরেজি, ০২ টি সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক দেশি/বিদেশি পত্রিকা/ম্যাগাজিন এবং ০১ টি আন্তর্জাতিক ম্যাগাজিন।	চাহিদা অনুযায়ী ০২ টি দৈনিক বাংলা, ০১ টি দৈনিক ইংরেজি, ০২ টি সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক দেশি/বিদেশি পত্রিকা/ম্যাগাজিন এবং ০১ টি আন্তর্জাতিক ম্যাগাজিন।	চাহিদা অনুযায়ী ০২ টি দৈনিক বাংলা, ০১ টি দৈনিক ইংরেজি, ০২ টি সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক দেশি/বিদেশি পত্রিকা/ম্যাগাজিন এবং ০১ টি আন্তর্জাতিক ম্যাগাজিন।	চাহিদা অনুযায়ী ০২ টি দৈনিক বাংলা, ০১ টি দৈনিক ইংরেজি, ০২ টি সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক দেশি/বিদেশি পত্রিকা/ম্যাগাজিন এবং ০১ টি আন্তর্জাতিক ম্যাগাজিন।	চাহিদা অনুযায়ী ০১ টি দৈনিক বাংলা, ০১ টি দৈনিক ইংরেজি।	চাহিদা অনুযায়ী ০১ টি দৈনিক বাংলা।

০২। অফিস আসবাবপত্র, অফিস সরঞ্জাম, স্টেশনারি দ্রব্যাদি ও ক্রোকাকারিজ ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করতে হবে।

০৩। এতদসংক্রান্ত বিদ্যমান সকল সরকারি আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৪। মন্ত্রণালয়/বিভাগ/মাঠ প্রশাসন/অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তরে কর্মরত এ পরিপত্রে বর্ণিত সমপদমর্যাদাধারী কর্মচারীদের জন্য প্রয়োজ্য হবে।

০৫। অর্থ বিভাগের সম্মতিক্রমে কর্মকর্তাগণের প্রাপ্যতার প্রাধিকারের এ আদেশ জারি করা হলো এবং অবলম্বে কার্যকর হবে।

নাজমা হোসেন
উপসচিব।

বিধি অনুবিভাগ
বিধি-৪ শাখা
প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০২ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ/১৬ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-৬৫—Allocation of Business Among the Different Ministries and Divisions (Schedule 1 of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিক প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক—

(ক) জাতীয় সংসদের ১৮৩ ঢাকা-১০ শূন্য আসনে ভোটগ্রহণের দিন অর্থাৎ ২১ মার্চ ২০২০ খ্রিঃ তারিখ রোজ শনিবার নির্বাচনি এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনি কার্যক্রমের জন্য নির্ধারিত রয়েছে, সে সকল প্রতিষ্ঠানে (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি কোনো পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে এ শর্তে) সাধারণ ছুটি ঘোষণা করা হলো। তাছাড়া, সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ও মহানগরীর অন্যান্য এলাকাধীন স্বাস্থ্য সেবা বিভাগ ও শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগদানের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

(খ) জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনে ভোটগ্রহণের দিন অর্থাৎ ২১ মার্চ ২০২০ খ্রিঃ তারিখ শনিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে নির্বাচনকালীন (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি কোনো পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে এ শর্তে) সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-৬৬—Allocation of Business Among the Different Ministries and Divisions (Schedule 1 of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক—

(ক) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ ২৯ মার্চ ২০২০ খ্রিঃ তারিখ রবিবার চট্টগ্রাম মহানগরস্থ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগের সুবিধার্থে বেলা ১:০০ ঘটিকা হতে এবং সকল সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পূর্ণদিবস (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি কোনো পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে এ শর্তে) সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

(খ) জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ ও জাতীয় সংসদের ৯০ যশোর-৬ শূন্য আসনে নির্বাচন এবং সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর পৌরসভার মেয়রের শূন্য পদে উপনির্বাচনে ভোটগ্রহণের দিন অর্থাৎ ২৯ মার্চ ২০২০ খ্রিঃ তারিখ রবিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে নির্বাচনকালীন (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি কোনো পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে এ শর্তে) সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম
উপসচিব।

শৃঙ্খলা-৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ চৈত্র ১৪২৬/২৫ মার্চ ২০২০

নং ০৫.১৮৪.২৭.০২.০০.০০২.২০১২-১৫৬/১—যেহেতু, জনাব মোঃ আবুল বশার (পরিচিতি নং-১৫৪২৪), সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব), চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর গত

১৭-০৭-২০০৯ তারিখ হতে ২৯-১২-২০০৯ তারিখ পর্যন্ত সহকারী কমিশনার (ভূমি), ডেমরা সার্কেল, ঢাকা হিসেবে কর্মরত থাকাকালীন ভূমি মন্ত্রণালয় হতে প্রাপ্ত নামজারি মামলা শুনানি ব্যতিরেকে স্বল্পসময়ে কৃত্রিম প্রক্রিয়া অনুসরণ করে নিষ্পত্তি এবং তৎক্ষণাতপূর্ণভাবে খতিয়ানসৃজন ও ভলিউম সংযোজনের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ (Misconduct)” এবং “দুর্নীতি পরায়ণ (Corruption)” এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ৩০-০৭-২০১২ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে ন্যায়বিচার নিশ্চিত করার লক্ষ্যে জনাব এস. এম. এনামুল কবির (পরিচিতি নং-৫৭২৩), প্রাক্তন উপসচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বর্তমানে, উপপরিচালক (এল.এ), পদ্মা বহুমুখী সেতু প্রকল্পকে বিভাগীয় মামলাটির তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে শুনানি ব্যতিরেকে স্বল্প সময়ের মধ্যে কৃত্রিম প্রক্রিয়া অনুসরণ করে নামজারি মামলা নিষ্পত্তি করায় “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

৩। যেহেতু, বিভাগীয় মামলার নথি, সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক আনীত “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী তাঁর ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড ১৩-১১-২০১৩ তারিখের ০৮.১৮৪.২৭.০২.০০.০০২.২০১২-৪৩৫ নং প্রজ্ঞাপনমূলে প্রদান করা হয়;

৪। যেহেতু, তিনি উক্ত লঘুদণ্ডদেশের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনালে এ.টি. মামলা নং-১৫১/২০১৫ দায়ের করেন। উক্ত মামলায় গত ২৭-০৬-২০১৬ তারিখে রায় ও আদেশ হয় যে “In the result, the case is allowed in part on contest against the opposite parties. The impugned penalty of withholding of increment for one year dated 13-11-2013 is reduced to that of censure.”। উক্ত এ.টি. মামলা রায়ের বিরুদ্ধে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে জনাব মোঃ আবুল বশার কর্তৃক এ.এ.টি. মামলা নং-২৩৮/২০১৬ এবং সরকার পক্ষ কর্তৃক এ.এ.টি. মামলা নং-৯২/২০১৭ দায়ের করা হয়। প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে দায়েরকৃত এ.এ.টি. নং-২৩৮/২০১৬ মামলায় গত ১২-০৩-২০১৮ তারিখে রায় হয় যে “অত্র আপীলটি রেসপনডেন্টের বিরুদ্ধে দু’তরফা সূত্রে শুনানি অন্তে মঞ্জুর হল। ঢাকার প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ কর্তৃক এ.টি. মামলা নং-১৫১/২০১৪ আংশিক মঞ্জুর করে ২৭-০৬-২০১৬ তারিখে প্রদত্ত রায় ও আদেশ রদ ও রহিত হলো। আপীলকারীর একটি বার্ষিক বেতন বৃদ্ধি এক বৎসরের জন্য বন্ধ রাখার শাস্তি আরোপ করে ১ নং রেসপনডেন্ট কর্তৃক বিভাগীয় মামলায় ১৩-১১-২০১৩ তারিখে প্রদত্ত আদেশ অবৈধ ঘোষিত হলো। তিনি বকেয়া বেতন ভাতাদি পাবেন”। সরকার পক্ষ কর্তৃক দায়েরকৃত এ.এ.টি. নং-৯২/২০১৭ মামলায় গত ১৮-০৪-২০১৭ তারিখে রায় হয় যে “আপীলটি নির্ধারিত ৩ মাসের সময়সীমা অতিক্রান্ত হবার ০৫ মাস ০৯ দিন পরে দায়ের করা হয়েছে।

আপীলটি আপীলাধীন রায় ও আদেশ প্রদানের ৬ মাসের মধ্যে দায়ের না করায় সরাসরি নামঞ্জুর হলো”। এ.এ.টি মামলা নং-২৩৮/২০১৬ এর ১২-০৩-২০১৮ তারিখের রায় ও আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লিভ টু আপীল মামলা নং-৪০৭১/২০১৮ দায়ের করা হয়। উক্ত লিভ টু আপীল মামলায় ৩০-০৬-২০১৯ তারিখ আদেশ হয় যে “The leave petition is out of time by 232 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the civil petition for leave to appeal is dismissed as barred by limitation.”। এ.এ.টি. নং-৯২/২০১৭ মামলায় গত ১৮-০৪-২০১৭ তারিখে রায় ও আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লিভ টু আপীল মামলা নং-৩৩২৭/২০১৭ দায়ের করা হয়। উক্ত লিভ টু আপীল মামলায় ২৭-০১-২০২০ তারিখ আদেশ হয় যে “Delay in filing the petition is condoned. This is an application for dismissal of the instant civil petition for leave to appeal filed by the respondent-applicant. We have taken up the civil petition for leave to appeal for hearing on merit. Heard the learned Advocates of both the sides and perused the application. We find that the appeal before the Administrative Appellate Tribunal was beyond time and consequently appeal No. 92 of 2017 could not be admitted for hearing and as such. We are of the view that this Civil petition for leave to appeal does not deserve any consideration. Accordingly, this civil petition for leave to appeal is dismissed. Therefore, the application for dismissal of civil petition for leave to appeal has become redundant.”;

৫। যেহেতু, আইন অনুবিভাগ হতে জনাব মোঃ আবুল বশার কর্তৃক দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে লিভ টু আপীল মামলার রায় ও আদেশ অনুযায়ী এ.এ.টি নং-২৩৮/২০১৬ এর রায় বাস্তবায়নের বিষয়ে মতামত প্রদান করা হয়েছে;

৬। সেহেতু, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের এ.এ.টি নং-২৩৮/২০১৬ এবং মহামান্য সুপ্রীম কোর্টের লিভ টু আপীল মামলা নং-৪০৭১/২০১৮ এর রায় ও আদেশ অনুযায়ী জনাব মোঃ আবুল বশার (পরিচিতি নং-১৫৪২৪)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় এ মন্ত্রণালয়ের ১৩-১১-২০১৩ তারিখে ০৫.১৮৪.০২৭.০২.০০. ০০২. ২০১২-৪৩৫ নং প্রজ্ঞাপনমূলে তাঁর ১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড এতদ্বারা বাতিল করা হলো। তিনি বিধি মোতাবেক বকেয়া ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ ইউসুফ হাব্বুন
সচিব।

প্রশাসন-১ শাখা

আদেশ

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭/৩১ মে ২০২০

বিষয় : করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ নির্দেশনা।

নং ০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৬৭—করোনাভাইরাস (কোভিড-১৯)-এর সংক্রমণ ও বিস্তার প্রতিরোধে সচেতনতার কোনো বিকল্প নেই। করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিশ্চয় ব্যাবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

১. ঝুঁকিপূর্ণ, অসুস্থ কর্মকর্তা/কর্মচারী (যেমন-ডায়াবেটিস, প্রেসার, কিডনি, হার্ট বা অন্যান্য জটিল রোগে আক্রান্ত) এবং সন্তান সম্ভবা (Pregnant) নারীগণের কর্মস্থলে আসার প্রয়োজন নাই;
২. অনুবিভাগ প্রধানগণ তাঁদের অনুবিভাগের প্রয়োজন অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীর অফিসে উপস্থিতি নিশ্চিত করবেন;
৩. লিফট এর পরিবর্তে সিঁড়ি ব্যবহার করতে হবে;
৪. অফিসে অবস্থানকালীন সার্বক্ষণিক মাস্ক পরিধান করতে হবে;
৫. অফিসে দর্শনার্থীদের খাবার/নাস্তা পরিহার করতে হবে;
৬. ৬ (ছয়) ফুট দূরত্বে চেয়ার রাখতে হবে;
৭. নামাজ যথাসম্ভব রুমে আদায় করতে হবে;
৮. অফিসে যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে;
৯. খাওয়ার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখতে হবে।
১০. প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবাণুমুক্ত করতে হবে।
১১. ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
১২. প্রয়োজন ছাড়া কর্মকর্তা/কর্মচারীদের মুভমেন্ট না করে স্ব স্ব অফিস কক্ষে অবস্থান করতে হবে;
১৩. ওয়াশরুম পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। চার্ট করে দায়িত্ব প্রদান করে তা মনিটরিং করতে হবে;
১৪. অফিসে নিজের ব্যবহৃত জিনিসপত্র (গ্রেট, থালা, চায়ের কাপ ইত্যাদি) নিজে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
১৫. অফিসের/টয়লেটের দরজার হ্যান্ডেল/হাতল/লক/বৈদ্যুতিক সুইচ, আলমিরার হ্যান্ডেল/হাতল/লক ইত্যাদি জীবাণুনাশক দিয়ে পরিষ্কার রাখতে হবে;
১৬. যথাসম্ভব ই-নথি ব্যবহার করতে হবে;
১৭. অফিসের হার্ড ফাইল/কাগজপত্রাদি স্পর্শ করার পর হ্যান্ডওয়াশ/সাবান-পানি দিয়ে ভালভাবে হাত ধুয়ে ফেলতে হবে;
১৮. মুখে/নাকে/কানে অযথা হাত দেওয়া থেকে বিরত থাকতে হবে;

১৯. যানবাহনের স্টিয়ারিং/হাতল/ ফ্লোর জীবাণুনাশক দিয়ে পরিষ্কার রাখতে হবে;
২০. কোনো কর্মকর্তা/কর্মচারীর নিজের বা তার পরিবারের সদস্যের করোনা উপসর্গ দেখা দিলে বা আক্রান্ত হলে তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করে অফিসে আসা থেকে বিরত থাকবেন;
২১. স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ৩০-০৫-২০২০ তারিখের ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৭১০ সংখ্যক স্মারকে প্রদত্ত নির্দেশনা (স্বাস্থ্য বিধি) মেনে চলতে হবে;
২২. নিয়ন্ত্রণকারী কর্মকর্তাবৃন্দ তাদের অধীন কর্মকর্তা/কর্মচারীদের করোনা প্রতিরোধমূলক নির্দেশনা এবং স্বাস্থ্য বিভাগ কর্তৃক জারীকৃত স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত করবেন।

মোঃ এনামুল হক
উপসচিব (প্রশাসন-১)।

শৃঙ্খলা-৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০১ চৈত্র ১৪২৬/১৫ মার্চ ২০২০

নং ০৫.০০.০০০০.১৪৪.২৭.০০৫.১৭(বি.মা)-১৮২—যেহেতু, জনাব মোঃ জয়নুল আবেদীন (পরিচিতি নম্বর-১৫৯৯৮), সচিব, জেলা পরিষদ, নীলফামারী গত ০৯-১২-২০১৩ হতে ১১-০৫-২০১৫ তারিখ পর্যন্ত পটুয়াখালী জেলার রাজাবালী উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত ছিলেন। তিনি উক্ত উপজেলাধীন চরবেষ্টিন, চরলক্ষী-২, পূর্বহরিদা খালী ও আতিকপুর-২ গুচ্ছগ্রাম প্রকল্পের কাজ বাস্তবায়নের দায়িত্বে থাকাকালে প্রকল্পের নির্মাণ কাজ নিবিড়ভাবে তদারকি না করা, সরেজমিনে না দেখে প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও সমুদয় বিল পরিশোধ করা এবং বিধিবহির্ভূতভাবে ৫টি চেকের মাধ্যমে নিজ নামে টাকা উত্তোলন করার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “দুর্নীতিপরায়ণ”—এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১-১২-২০১৭ তারিখের ০৫.০০.০০০০. ১৪৪.২৭.০০৫.১৭(বি.মা.)-৬৩২ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত গুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত গুনানির জন্য আবেদন করলে ১৪-০২-২০১৮ তারিখে তাঁর ব্যক্তিগত গুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত গুনানি অস্ত্রে ন্যায়বিচার নিশ্চিত করার লক্ষ্যে এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকায় বেগম বেবী রানী কর্মকার (পরিচিতি নং-৬৭৮৮), উপসচিব, সিপি-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় বর্তমানে উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ জয়নুল আবেদীন (পরিচিতি নং-১৫৯৯৮)-এর বিরুদ্ধে আনীত প্রকল্পের কাজ সঠিকভাবে তদারকি না করা, স্থানীয় লোকদেরকে তদারকি কাজে সম্পৃক্ত না করা এবং বিধিবহির্ভূতভাবে প্রকল্পের পাঁটটি চেকের অর্থ

নিজ নামে উত্তোলন করার ‘অসদাচরণ’-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এ মন্ত্রণালয়ের ০১-০৮-২০১৯ তারিখের ০৫.০০.০০০০. ১৮৪.২৭.০০৫.১৭(বি.মা)-৩৫৫ নং প্রজ্ঞাপনমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) অনুযায়ী ‘এক বৎসর বেতন বৃদ্ধি স্থগিত রাখার’ লঘুদণ্ড প্রদান করা হয়। আদেশে উল্লেখ করা হয় যে পরবর্তী বৎসর থেকে বেতন বৃদ্ধি কার্যকর হবে এবং পূর্বের বৎসরের বর্ধিত বেতন বিবেচনায় আসবে না;

যেহেতু, তিনি উক্ত লঘুদণ্ড মওকুফের নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতি সমীপে আপিল আবেদন করেন। মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে সিদ্ধান্ত প্রদান করেন যে, “আবেদনকারীর আবেদন বিবেচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) অনুযায়ী প্রদত্ত ১(এক) বছর বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড হ্রাস করে একই বিধির ৪(২)(ক) অনুযায়ী তিরস্কার দণ্ড প্রদান করা হল”।

সেহেতু, জনাব মোঃ জয়নুল আবেদীন (পরিচিতি নম্বর-১৫৯৯৮), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, রাজাবালী, পটুয়াখালী বর্তমানে সচিব, জেলা পরিষদ, নীলফামারী-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় এ মন্ত্রণালয়ের ০১-০৮-২০১৯ তারিখে ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৫.১৭(বি.মা.)-৩৫৫ নং প্রজ্ঞাপনমূলে আরোপিত ‘এক বৎসর বেতন বৃদ্ধি স্থগিত রাখার’ লঘুদণ্ড হ্রাস করে একই বিধির ৪(২)(ক) অনুযায়ী তিরস্কার দণ্ড প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
শেখ ইউসুফ হারুন
সচিব।

[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে]

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

আদেশ

তারিখ : ০৯ মার্চ ২০২০/২৫ ফাল্গুন ১৪২৬

নং ১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪৬.১৯-৪২—যেহেতু, জনাব মোঃ আশাদুল হক, সহকারী পরিচালক (জনসংযোগ) (সাময়িক বরখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমোদন না নিয়ে নির্বাচন কমিশনের ইন্ট্রানেটে নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ণ করে এমন সংবাদের ভিডিও লিংক প্রদান করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক “অসদাচরণ” এর দায়ে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে ০৩/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয় এবং তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে কারণ দর্শানোর জবাবে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের লিখিত আদেশ না নিয়ে শুধু জনাব এস এম আসাদুজ্জামান, প্রাক্তন পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (বর্তমানে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট) এর মৌখিক আদেশে নির্বাচন কমিশনের ইন্ট্রানেটে পেপার ক্লিপিংস এ ইউটিউব লিংক দিয়েছেন মর্মে স্বীকার করেন;

যেহেতু, অন্যদিকে জনাব এস এম আসাদুজ্জামান, প্রাক্তন পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (বর্তমানে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট) জানান যে, তিনি ২০ (বিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি শেষে গত ২৫ আগস্ট ২০১৯ তারিখ অফিস আসেন। ইন্ট্রানেটে ভিডিও লিংক প্রদান করার জন্য জনাব মোঃ আশাদুল হক, সহকারী পরিচালক (জনসংযোগ)-কে তিনি কোন নির্দেশনা প্রদান করেননি। তার নির্দেশ ছাড়াই অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আশাদুল হক আলোচ্য ভিডিও লিংকটি বৈশাখী টিভির প্রতিনিধির সাথে যোগাযোগ করে সংগ্রহ করেন এবং তা নির্বাচন কমিশনের ইন্ট্রানেটে প্রদান করেন মর্মে জ্ঞাত হন;

যেহেতু দু'জনের বক্তব্য পরস্পর বিপরীত হওয়ার বিষয়টি তদন্ত করে প্রতিবেদন প্রদানের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ ব্যতীত নির্বাচন কমিশনের ইন্ট্রানেটে পেপার ক্লিপিংস এ ইউটিউব লিংক দিয়ে ভুল করেছেন মর্মে স্বীকার করেন;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, তৎকর্তৃক উক্তরূপ সংঘটিত কর্মকাণ্ড শৃঙ্খলার পরিপন্থী;

সেহেতু, জনাব মোঃ আশাদুল হক, সহকারী পরিচালক (জনসংযোগ) (সাময়িক বরখাস্তকৃত), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি (২)(ক) অনুযায়ী—

(ক) “তিরস্কার” শাস্তি প্রদান করা হল।

(খ) বিএসআর পার্ট-১ এর বিধি ৭২ (এ) অনুযায়ী তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হল এবং সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসাবে গণ্য হবে।

(গ) বিএসআর পার্ট-১ এর বিধি ৭২(বি) অনুযায়ী তিনি সাময়িক বরখাস্তকালে গৃহীত খোরাকী ভাতা ব্যতীত প্রযোজ্য অন্যান্য বেতন-ভাতাদি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন।

মোঃ আলমগীর
সিনিয়র সচিব।

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

বিএসইসি ও বিআইসিএম শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭/০২ জুন ২০২০

নং ৫৩.০০.০০০০.৪২১.১১.০০১.১৯-৬৪—জনাব মোঃ আবদুল হালিম, [প্রাক্তন সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল বা/এ, ঢাকা] বিল্ডিং নং-৬৯, লেভেল-৫ বি, সচিব কোয়ার্টার, ইস্কাটন গার্ডেন, ঢাকা-কে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা- ৫ ও ৬ এর বিধানাবলি প্রতিপালন করত: উক্ত আইনের ধারা ৫(২) অনুসারে তাঁর নিয়োগের তারিখ হতে

পরবর্তী ০৪ (চার) বৎসর মেয়াদের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর কমিশনার পদে নিয়োগ প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. নাহিদ হোসেন
উপসচিব।

কেন্দ্রীয় ব্যাংক শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪২৭/১৮ মে ২০২০

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-২৪৮—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ১০(১)(বা) ধারা অনুযায়ী ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড এর প্রতিনিধি হিসেবে জনাব মোঃ হামিদুর রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড-কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক পদে যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছর অথবা তাঁর পিআরএল-এ গমনের পূর্ব পর্যন্ত (যেটি পূর্বে হয়) উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ সিদ্দিকুর রহমান
সিনিয়র সহকারী সচিব।

প্রতিরক্ষা মন্ত্রণালয়

শোক প্রস্তাব

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৭/০১ জুন ২০২০

নং প্রম-২৩.০০.০০০০.০৭০.৯৯.০৭২.১১.৭৪—
বাংলাদেশ বিমানবাহিনীর কর্মকর্তা স্কোয়াড্রন লীডার মুহাম্মদ আনিসুর রহমান (বিডি/৯১০২), জিডি(পি) ১৪ অক্টোবর ২০১৯ তারিখে বিমানবাহিনী ঘাঁটি বীরশ্রেষ্ঠ মতিউর রহমান এ কে-৮ বিমান উড্ডয়নের প্রস্তুতি গ্রহণকালে এক মর্মান্তিক বিমান দুর্ঘটনায় গুরুতর আহত হন। আহত অবস্থায় কর্মকর্তাকে উন্নত চিকিৎসার জন্য সিংগাপুরে প্রেরণ করা হয়। পরবর্তীতে কর্মকর্তা সিংগাপুরে চিকিৎসাস্থান থাকা অবস্থায় ০৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্সালিগ্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)।

২। বাংলাদেশ বিমানবাহিনীর কর্মকর্তা স্কোয়াড্রন লীডার মুহাম্মদ আনিসুর রহমান (বিডি/৯১০২), ডিজি(পি) চাকরি জীবনে সৎ ও কর্তব্যপরায়ণ কর্মকর্তা ছিলেন।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্মকর্তা স্কোয়াড্রন লীডার মুহাম্মদ আনিসুর রহমান (বিডি/৯১০২), জিডি(পি)-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন ও মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কামরুজ্জামান
উপসচিব।

মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা

আদেশ

তারিখ : ১৭ বৈশাখ ১৪২৭/৩০ এপ্রিল ২০২০

নং ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০১.২০-১৩৩—যেহেতু, বিসিএস (লাইভস্টক) ক্যাডারের কর্মকর্তা, ড. সৈয়দ আলী আহসান (গ্রেডেশন নং-৯৯৩), সহকারী পরিচালক (লীড/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মাননিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন (QCLab) শীর্ষক প্রকল্পের ল্যাব কনসালট্যান্ট পদে ০১-০৭-২০১৯ খ্রিঃ হতে ০৮ (আট) মাসের জন্য লিয়েনে কর্মরত ছিলেন এবং তিনি বৈদেশিক চাকরিতে কর্মরত অবস্থায় মোট ২.৫ লক্ষ টাকা বেতন ভাতাদি গ্রহণসহ লিয়েনের ২নং শর্ত ভঙ্গা করায় এবং সরকারের আদেশ, পরিপত্র এবং নির্দেশ উপেক্ষা করে সরকারি কোষাগার হতে অবৈধভাবে গৃহীত ৪,৪৮,৮০০/- (চার লক্ষ আটচল্লিশ হাজার আটশত) টাকা উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনার পরে গত ০৮-১২-২০১৯ তারিখে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৯-০২-২০২০ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০১.২০-৬৮ নং স্মারকের অভিযোগে বিভাগীয় মামলা নং-০১/২০২০ রুজুপূর্বক অভিযোগনামা জারি করা হয়; এবং

যেহেতু, ড. সৈয়দ আলী আহসান (গ্রেডেশন নং-৯৯৩), সহকারী পরিচালক (লীড/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা গত ১৯-০২-২০২০ তারিখে তার লিখিত জবাব দাখিল করেন; এবং

ব্যক্তিগত শুনানিতে আগ্রহ প্রকাশ করায় গত ২৪-০৩-২০২০ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানীকালে মৌখিক বক্তব্য শ্রবণ ও দাখিলকৃত জবাব পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলা রুজুকরণের পূর্বেই সরকারি কোষাগার হতে বিধি বহির্ভূতভাবে উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করেছেন এবং উভয় পদ হতে অর্থ উত্তোলন সংক্রান্ত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন এবং ভবিষ্যতে সতর্কতার সাথে দায়িত্ব পালনের বিষয়ে অজিকার ব্যক্ত করেছেন। একই সাথে উভয় পদ হতে বেতন উত্তোলন ন্যায়সঙ্গত হয়নি মর্মেও স্বীকার করেছেন;

সেহেতু, ড. সৈয়দ আলী আহসান (গ্রেডেশন নং-৯৯৩), সহকারী পরিচালক (লীড/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগের গুরুত্ব বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত ‘অসদাচরণ’ এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং তাকে ভবিষ্যতের জন্য কার্ঠোরভাবে সতর্ক করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রওনক মাহমুদ
সচিব।

শিল্প মন্ত্রণালয়
পরিকল্পনা-০৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ চৈত্র ১৪২৬ বঃ/২৫ মার্চ ২০২০ খ্রিঃ

নং ৩৬.০০.০০০০.০৮৬.২২.০০৫.২০-৯৮—‘জাতীয় গুণগত মান (পণ্য ও সেবা) নীতি, ২০১৫’ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপে ‘Core Group’ গঠন করা হলো :

সভাপতি

১। মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

সহ-সভাপতি

২। মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪। সচিব, শিল্প মন্ত্রণালয়

৫। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

৬। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৭। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৮। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৯। সচিব, কৃষি মন্ত্রণালয়

১০। সচিব, স্বাস্থ্য সুরক্ষা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১১। সচিব, স্থানীয় সরকার বিভাগ

১২। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৩। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

১৪। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

১৫। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৬। সচিব, খাদ্য মন্ত্রণালয়

১৭। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

১৮। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়

১৯। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

২০। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

২১। চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

২২। মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)

২৩। মহাপরিচালক, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

২৪। মহাপরিচালক, গর্ভনেশ ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়

২৫। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

২৬। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

২৭। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর

২৮। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

২৯। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর

৩০। মহাপরিচালক, ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়

৩১। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স এন্ড কমার্স ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)

৩২। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৩৩। পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

সদস্য-সচিব

৩৪। যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

কমিটির কার্যপরিধি :

- (ক) জাতীয় গুণগত মান অবকাঠামোর বর্তমান অবস্থান পর্যালোচনা এবং অনুসন্ধানের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদির প্রয়োগ;
- (খ) জাতীয় গুণগত মান অবকাঠামো সংক্রান্ত আইন প্রণয়ন ও সংশোধন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর নীতি, কার্যাবলি ও ভূমিকা চূড়ান্তকরণের জন্য সুপারিশমালা প্রণয়ন;
- (গ) জাতীয় গুণগত মান অবকাঠামো আধুনিকায়নের পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের জন্য নির্দিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দায়িত্ব প্রদান;
- (ঘ) সরকারের প্রতিষ্ঠিত রীতি নীতি ও কর্মপ্রক্রিয়া অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগ বা প্রতিষ্ঠানগুলোর আইন, বিধি ও কার্যপদ্ধতি আধুনিকায়নের জন্য সরকারের সর্বোচ্চ পর্যায়ে গৃহীত সিদ্ধান্ত ও সুপারিশের অগ্রগতি সাধন; এবং
- (ঙ) নীতির বাস্তবায়ন নিয়মিতভাবে পরিবীক্ষণ ও তত্ত্বাবধান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুঃ নুরুল আমিন খান
উপ-প্রধান (চঃ দাঃ)।

পরি-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭ বঃ/০২ জুন ২০২০ খ্রিঃ

নং ৩৬.০০.০০০০.০৮৪.১৪.০০৫.১৩/১৭৪—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়নাধীন “চামড়া শিল্প নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত)”—শীর্ষক প্রকল্পের আওতায় যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়কে আহ্বায়ক করে ৭ (সাত) সদস্য বিশিষ্ট নিম্নোক্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হলো :

আহ্বায়ক

- ১। যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

- ২। প্রতিনিধি, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন
৩। প্রতিনিধি, সেক্টর-৫, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
৪। উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়
৫। প্রতিনিধি, পরিকল্পনা অনুবিভাগ, বিসিক
৬। প্রকল্প পরিচালক, চামড়া শিল্প নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত) প্রকল্প

সদস্য-সচিব

- ৭। উপ-প্রধান (চ.দা.), পরি-৩ শাখা, শিল্প মন্ত্রণালয়

কমিটির কার্যপরিধি :

- (ক) কমিটি আগামী ২ (দুই) মাসের মধ্যে বর্ণিত প্রকল্পের আওতায় সম্পাদিত কর্মকান্ড মূল্যায়নপূর্বক সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর দাখিল করবে; এবং
- (খ) কমিটি প্রয়োজনে কারিগরি জ্ঞান সম্পন্ন কর্মকর্তা কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফররুখ আহম্মদ
উপ-প্রধান (চঃদাঃ)।

তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০২ চৈত্র ১৪২৬/১৬ মার্চ ২০২০

নং ১৫.০০.০০০০.০২৭.০৬.০০৩.১৩.১০১—বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) এর ৬(১) ধারা মোতাবেক নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট এর গভর্নিং বডি গঠন করা হলো :

চেয়ারম্যান

১. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সদস্যবৃন্দ

২. তথ্য মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা
৩. জনপ্রশাসন মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা
৪. অর্থ মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা
৫. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা
৬. শিক্ষা মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
৮. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন
৯. মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১০. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
১১. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১২. জনাব কুশল বড়ুয়া, অধ্যাপক, নাট্যকলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১৩. জনাব মতিন রহমান, চলচ্চিত্র পরিচালক ও সহযোগী অধ্যাপক, স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৪. মিজ সুবর্ণা মুস্তাফা, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৪ ও বিশিষ্ট অভিনেত্রী
১৫. জনাব নাসির উদ্দিন ইউছুফ বাচ্চু, চলচ্চিত্র পরিচালক
১৬. জনাব পিপলু খান, চলচ্চিত্র পরিচালক
১৭. জনাব অমিতাভ রেজা, চলচ্চিত্র পরিচালক
১৮. মিজা শবনম ফেরদৌসী, চলচ্চিত্র পরিচালক
১৯. জনাব আহমেদ ইকবাল হায়দার, নাট্য ব্যক্তিত্ব ও বিশ্ববিদ্যালয়ের খন্ডকালীন শিক্ষক
২০. মিজ সামিয়া জামান, বিশিষ্ট সাংবাদিক, চলচ্চিত্র পরিচালক ও প্রযোজক

সদস্য-সচিব

২১. প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

০২। এ গভর্নিং বডির মেয়াদ হবে ০২ (দুই) বছর। বোর্ডের কার্যক্রম বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন-২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিচালিত হবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাইফুল ইসলাম
উপসচিব।

টিভি-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০১ চৈত্র ১৪২৬/১৫ মার্চ ২০২০

নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-১১৩—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত/জমাকৃত চলচ্চিত্র প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে “বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটি” পুনর্গঠন করা হলো :

সভাপতি

১। অতিরিক্ত সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

সদস্যবৃন্দ

- ২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন
- ৩। উপসচিব (টিভি-২ শাখা), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। মিজ সুজাতা আজিম, চলচ্চিত্র অভিনেতা
- ৫। সৈয়দ গাউসুল আজম শাওন, অভিনেতা
- ৬। জনাব শাহ আলম সিকদার জয়, সাংস্কৃতিক ব্যক্তিত্ব
- ৭। শেখ মুন্নি আক্তার, সাংস্কৃতিক ব্যক্তিত্ব
- ৮। শেখ আওলাদ হোসেন রুহুল, সাংস্কৃতিক ব্যক্তিত্ব
- ৯। জনাব আব্দুস সামাদ খোকন, চলচ্চিত্র পরিচালক, কাহিনিকার ও চিত্রনাট্যকার
- ১০। মিজ তাহেরা ফেরদৌস জেনিফার, উপস্থাপিকা ও নাট্যশিল্পী
- ১১। জনাব ড্যানি সিডাক, চলচ্চিত্র অভিনেতা পরিচালক/প্রযোজক

সদস্য-সচিব

১২। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন

কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ :

- (০১) এ কমিটি বিটিভিতে প্রদর্শনের নিমিত্তে চলচ্চিত্র যাচাই-বাছাই করে প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;
- (০২) কমিটির কমপক্ষে ০৫ (পাঁচ) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;
- (০৩) টিভি ভবনের প্রিভিউ কক্ষে (প্রয়োজন অনুযায়ী) সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;
- (০৪) বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না।
- (০৫) কোনো সদস্য পদ শূন্য হলে সভাপতি নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন।
- (০৬) সভাপতির অনুপস্থিতিতে তার মনোনীত উপযুক্ত প্রতিনিধি সভায় সভাপতিত্ব করবেন।

০২। এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ০৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-৩৯৫ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-১১৪—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত বিভিন্ন প্যাকেজ অনুষ্ঠান প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে “বাংলাদেশ টেলিভিশন প্যাকেজ প্রিভিউ কমিটি” পুনর্গঠন করা হলো :

সভাপতি

১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন

সদস্যবৃন্দ

- ২। উপসচিব (টিভি-২ শাখা), তথ্য মন্ত্রণালয়
- ৩। জনাব মো: সাদিকুর রহমান চৌধুরী, মিডিয়া ব্যক্তিত্ব
- ৪। জনাব অরুণ সরকার রানা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব
- ৫। মীর জাহিদুল হাসান, অভিনেতা ও নির্দেশক
- ৬। মিজ রোকিয়া প্রাচী, অভিনয় শিল্পী ও নির্দেশক
- ৭। মিজ তানভীন সুইটি, অভিনয় শিল্পী
- ৮। জনাব মো: শাকিল খান, চলচ্চিত্র অভিনেতা
- ৯। মিজ তারিন জাহান, অভিনয় শিল্পী
- ১০। মিজ নাসরিন হুদা বীথি, সংবাদ পাঠিকা
- ১১। মিজ ইয়াসমীন হোসেন, বিশিষ্ট ব্যক্তিত্ব
- ১২। জনাব মো: আজারুজ্জামান খোকা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব
- ১৩। জনাব মো: গিয়াসউদ্দিন খান, বিশিষ্ট ব্যক্তিত্ব

সদস্য-সচিব

১২। পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা

কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ :

- (০১) এ কমিটি বহিরাগত নির্মাতাদের অনুষ্ঠান যাচাই-বাছাই করে অনুষ্ঠানের প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;
- (০২) বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালকের অনুপস্থিতিতে তার মনোনীত উপযুক্ত প্রতিনিধি সভায় সভাপতিত্ব করবেন;
- (০৩) কমিটির কমপক্ষে ০৬ (ছয়) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;
- (০৪) টিভি ভবনের প্রিভিউ কক্ষে (প্রয়োজন অনুযায়ী) সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;
- (০৫) বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না। এছাড়া বিটিভির নিজস্ব কোনো অনুষ্ঠানে অংশগ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির সভাপতির অনুমোদন গ্রহণ করতে হবে;
- (০৬) কোনো সদস্য পদ শূন্য হলে মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন।

২। এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ১৪ আগস্ট ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-৩৭০ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রুজিনা সুলতানা
উপসচিব।

তথ্য মন্ত্রণালয়

বেতার-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২১ ফাল্গুন ১৪২৬/০৫ মার্চ ২০২০

নং ১৫.০০.০০০০.০২১.১৮.১৯৯.১১-১৭৪—যেহেতু, জনাব মোঃ সেলিম, উপ-আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী (বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও-এ আঞ্চলিক পরিচালকের দায়িত্বে থাকাকালীন) পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব রমেশ চন্দ্র সেন, এমপি কর্তৃক ১০-১০-২০১৮ তারিখে পাসমসসংস্থাক/সভাপতি/২০১৮/৭৪৩ নম্বর আধা সরকারি পত্রে তার বিরুদ্ধে স্বাধীনতা বিরোধী উপস্থাপক/ উপস্থাপিকা দিয়ে বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও কেন্দ্রের অনুষ্ঠান উপস্থাপনা, পাভুলিপি রচনা করানো হয় মর্মে তথ্য মন্ত্রণালয় বরাবর অভিযোগ প্রেরণ করেন;

যেহেতু, তথ্য মন্ত্রণালয়ের ২৫-১০-২০১৮ তারিখের ৪৪৭ নম্বর পত্রের প্রেক্ষিতে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সুষ্ঠু তদন্তের জন্য বাংলাদেশ বেতার কর্তৃক ০৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি ২০১৮ এর ২(খ)(আ) বিধিমাতে অসদাচরণের অভিযোগে ০৪/২০১৯ নং বিভাগীয় মামলা রুজুকরতঃ ১৩-১১-২০১৯ তারিখে ৯৬৬ সংখ্যক স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাবসহ কারণ দর্শাতে ও ব্যক্তিগত শুনানীতে অগ্রহী কিনা তা লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি গত ১৩-১১-২০১৯ তারিখ লিখিত জবাব দাখিল করেন এবং ০৯-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানী এবং অভিযোগের সহিত সংশ্লিষ্ট সকল বিষয়সহ দাখিলকৃত বক্তব্য বিবেচনায় অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হওয়ার মতো উপযুক্ত ভিত্তি নেই মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, ব্যক্তিগত শুনানী, দাখিলকৃত বক্তব্য ও আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি ২০১৮ এর ৭(২)(ক) অনুযায়ী জনাব মোঃ সেলিম, উপ-আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রত্যাহার করা হলো এবং বিভাগীয় মামলা নং-০৪/২০১৯ এর দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কামরুন নাহার

সচিব।

বেতার-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪২৭/২০ মে ২০২০

নং ১৫.০০.০০০০.০২১.১৮.১৫৭.১১.২০৬—বাংলাদেশ বেতার, বাণিজ্যিক কার্যক্রম, ঢাকা কেন্দ্রের জনাব মোঃ ওমর শরীফ, উপ-পরিচালক (বর্তমানে বাংলাদেশ বেতার সিলেট কেন্দ্রে বদলীকৃত) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

১। তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Sustainable Allowance) প্রাপ্য হবেন।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ১৪-০৩-২০২০ তারিখ হতে সাময়িক বরখাস্তের আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কামরুন নাহার

সচিব।

জননিরাপত্তা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

শৃঙ্খলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪২৭/১৯ মে ২০২০

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০৮.১৯-৭৯—যেহেতু, জনাব মোস্তফা ফরিদুল আলম, থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পতেঙ্গা, চট্টগ্রাম ইতোপূর্বে ডবলমুরিং, চট্টগ্রাম হিসেবে কর্মকালে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ব্যক্তিগত উদ্যোগে দেওয়ান টাওয়ার প্রতিষ্ঠানে ০৬ সদস্য বিশিষ্ট আনসার গার্ড নিয়োগ করা এবং দেওয়ান টাওয়ার কর্তৃপক্ষের নিকট হতে ০৬ জন আনসার সদস্যের বেতনভাতাদি নিজ নামে চেকের মাধ্যমে এবং নগদে গ্রহণ করার অভিযোগে তার বিরুদ্ধে আনসার অধিদপ্তরের গত ২৪-১০-২০১৭ তারিখের ১৭৭১ নম্বর স্মারকমূলে “অসদাচরণ” ও “দুর্নীতির” দায়ে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

২। যেহেতু, তিনি অভিযোগনামার জবাব দাখিল করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০৪-০৩-২০১৮ তারিখে মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। পরবর্তীতে আনসার অধিদপ্তরের গত ২১-০৩-২০১৮ তারিখের ৪৪২ নম্বর স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতির” দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালা ৪(২)(ই) বিধি অনুযায়ী তাকে “২(দুই) বৎসরের জন্য বেতন স্কেলের নিম্নধাপে অবনমিত” করার দণ্ড প্রদান করা হয়;

৩। যেহেতু, জনাব মোস্তফা ফরিদুল আলম আনীত অভিযোগ অসত্য এবং আইন সজ্ঞাত কার্যধারা অনুসরণ করা হয় নি জানিয়ে বিভাগীয় মামলায় প্রদত্ত শাস্তি হতে অব্যাহতি চেয়ে আপিল আবেদন করেন। তার দাখিলকৃত আবেদন, মামলার নথি, আপিলকারীর বক্তব্য এবং অধিদপ্তরের জবাব পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) ১৯৮৫ এর ৪(২)(ই) এর দণ্ডদেশ মাত্রাতিরিক্ত হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, জনাব মোস্তফা ফরিদুল আলমকে বিভাগীয় মামলায় গত ২১-০৩-২০১৮ খ্রিঃ তারিখে প্রদত্ত “২ (দুই) বৎসরের জন্য বেতন স্কেলের নিম্নধাপে অবনমিত” করার দণ্ড হ্রাসপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুযায়ী “১ (এক) বৎসরের জন্য বেতন স্কেলের নিম্নধাপে অবনমিত” করা হলো। ভবিষ্যতে তিনি কোন বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোস্তাফা কামাল উদ্দীন

সিনিয়র সচিব।

সুরক্ষা সেবা বিভাগ

কারা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ চৈত্র ১৪২৬/২৫ মার্চ ২০২০

নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০৬০.১৯-১৬১—সাজাপ্রাপ্ত কারাবন্দি বেগম খালেদা জিয়ার মুক্তির বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগের আইনগত মতামতের আলোকে The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898)-এর ধারা ৪০১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল আপিল নং-১৬৭৬/১৮ (বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৭/২০১৭ থেকে উদ্ধৃত) এবং বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৮/২০১৭-এ প্রদত্ত বেগম খালেদা জিয়ার দন্ডাদেশ নিলুপ্তি শর্ত সাপেক্ষে ০৬ (ছয়) মাসের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো :

(ক) তিনি ঢাকাস্থ নিজ বাসায় থেকে তাঁর চিকিৎসা গ্রহণ করবেন এবং

(খ) উক্ত সময়ে তিনি দেশের বাইরে গমন করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সনজীদা শরমিন

উপসচিব।

জননিরাপত্তা বিভাগ

আইন-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭/০৭ জুন ২০২০

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৯-২৬১—নাটোর জেলার বড়াইগ্রাম থানার মামলা নং-১০, তারিখ : ০৯-০৯-২০১৮ খ্রিঃ-এ উল্লিখিত আসামীর বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৬.২০-২৬২—ঢাকা জেলার বিমান বন্দর থানার মামলা নং-৪১(১০)১৭, তারিখ : ২০-১০-২০১৭ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীর পরস্পর যোগসাজসে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/৭(৩)/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৬.২০-২৬৩—ঢাকা জেলার ভাটারা থানার মামলা নং-৩৯(১১)১৮, তারিখ : ২৬-১১-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীর পরস্পর যোগসাজসে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(আ)(ঈ)/৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৬.২০-২৬৪—নারায়ণগঞ্জ জেলার সিদ্দিরগঞ্জ থানার মামলা নং-৩০, তারিখ : ১২-০৫-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীর পরস্পর যোগসাজসে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ১০/১১/১২ ধারার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৬.২০-২৬৫—গাজীপুর জেলার বাসন থানার মামলা নং-২৩, তারিখ : ২৭-১২-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীর পরস্পর যোগসাজসে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(আ)(ঈ)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মফিজুল ইসলাম

সহকারী সচিব।

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

আদেশ

তারিখ : ১০ জুন ২০২০/২৭ জ্যৈষ্ঠ ১৪২৭

নং ১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪৫.১৯-৫২—যেহেতু, জনাব মোহাম্মদ মোশারফ হোসেন, উপপরিচালক (মানবসম্পদ গবেষণা ও উন্নয়ন), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম, ২০১৯ উপলক্ষে উপজেলা/থানা নির্বাচন অফিসের জন্য ল্যাগপটপ ও প্রিন্টারসহ অন্যান্য যন্ত্রপাতি ক্রয়ে—

(ক) বিধি বহির্ভূতভাবে তাঁর সম্পৃক্ততা থাকা;

(খ) তাঁর ভাই ও আত্মীয় কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান “এমআর কম্পিউটার এন্ড স্টেশনারী”-কে কাজ পাইয়ে দেয়ার নিমিত্ত তাঁর প্রস্তুতকৃত ও সরবরাহকৃত স্পেসিফিকেশনে টেকনিক্যাল কমিটির স্বাক্ষর নিয়ে সেবুপ পণ্য ক্রয় এবং মডেল ও রংয়ের কথা উল্লেখ করে পণ্য ক্রয়ের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা;

(গ) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১৭ ও বিধি ৬৯(৪)(ক) লঙ্ঘন করে একই বরাদ্দপত্রে অর্থ বরাদ্দ বিভাজিত করে মাঠ পর্যায়ে অর্থ বরাদ্দ প্রদান করা যা তিনি কর্তৃপক্ষের নজরে আনেননি;

(ঘ) এ সংক্রান্ত অনিয়মের বিষয়ে “দৈনিক যুগান্তর” পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনে নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ায়- ইত্যাদি অভিযোগে প্রাথমিক তদন্তে তাঁর অভিযোগ প্রমাণিত হওয়ায়

তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এবং ৩(ঘ) অনুযায়ী “দুনীতি” এর অভিযোগ আনয়ন করে ০২/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়।

যেহেতু, উক্ত বিভাগীয় মামলার প্রেক্ষিতে কারণ দর্শানোর জবাবে তিনি যুক্তিসঙ্গত ও সন্তোষজনক জবাব না দিয়ে আনীত অভিযোগগুলোর বিপক্ষে কোন প্রমাণ উপস্থাপন না করে নানা রকম অপ্রাসঙ্গিক আইন ও বক্তব্যের অবতারণা করেছেন;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, তাঁর কর্তৃক উক্তরূপ সংঘটিত কর্মকাণ্ড শৃঙ্খলার পরিপন্থী;

সেহেতু, জনাব মোহাম্মদ মোশারফ হোসেন, উপপরিচালক (মানবসম্পদ গবেষণা ও উন্নয়ন), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি (২)(খ) অনুযায়ী—

(ক) তাঁর ০২ (দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হল।

(খ) পরবর্তীতে কখনো তিনি এ অর্থের বকেয়া প্রাপ্য হবেন না।

মোঃ আলমগীর
সিনিয়র সচিব।

জাতীয় রাজস্ব বোর্ড

[শুক]

আদেশাবলী

তারিখ ২৯ বৈশাখ, ১৪২৭বঙ্গাব্দ/১২ মে, ২০২০ খ্রিস্টাব্দ

নং ০৪২/২০২০/শুক/১০০।—The Customs Act, 1969 (Act- IV of 1969) এর Section- 13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম বিমানবন্দরে অবস্থিত মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি নামীয় প্রতিষ্ঠানের (বন্ড লাইসেন্স নং- ৫(১৩)কাবক/চট্টগ্রাম/শুকমুক্ত বিপণী/০৩/২০১৩, তারিখ : ২১-০১-২০১৩ খ্রিঃ) এর অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

ক্রমিক নং	পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
০১.	সিগারেট	৪৭,০০০.০০
০২.	মদ/লিকার ও অন্যান্য ড্রিংস	২০,০০০.০০
০৩.	কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী	১৩,০০০.০০
০৪.	খাদ্য সামগ্রী ও অন্যান্য	২০,০০০.০০
	সর্বমোট =	১,০০,০০০.০০

তারিখ : ১০ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/২৪ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

নং ০৩৫/২০২০/শুক/৮৮।—The Customs Act, 1969 (Act- IV of 1969) এর Section- 13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বেসরকারি (প্রাইভেট) প্রেমিজেসটি কাস্টম হাউস, চট্টগ্রাম হতে ১ কিলোমিটার (প্রায়) দূরে বন্দর সংরক্ষিত এলাকায় অবস্থিত মেসার্স সী ওয়েজ বন্ডেড ওয়ারহাউস লিঃ (বন্ড লাইসেন্স নং-এস-৮-৪৯/৮৭ (HB301SB04987), তারিখ : ২৬-০৮-১৯৮৯ খ্রিঃ) নামীয় বেসরকারি বন্ডেড ওয়ারহাউস লিঃ (শীপ স্টোরস ও শীপ প্রতিশল) এর অনুকূলে ২০১৯-২০ অর্থ বছরের জন্য (দ্বিতীয় বার) নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা (বন্ড লাইসেন্সে উল্লিখিত পণ্যসমূহ) নির্ধারণ করা হলো :

ক্রমিক নং	আমদানিতব্য পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মাঃডঃ)
০১।	প্রভিশন ও ফুড, বন্ডেড স্টোর (Provision & Food, Bonded Stores);	০০.০০

ক্রমিক নং	আমদানিতব্য পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মাঃডঃ)
০২।	বিদেশগামী জাহাজের নাবিক ও ক্রুদের ব্যক্তিগত ও পারিবারিক সর্বপ্রকার ব্যবহার্য দ্রব্যাদি (সিগারেট, টোবাকো, এ্যালকোহলিক বেভারেজ, প্রসাধন সামগ্রী এবং বৈদ্যুতিক সরঞ্জাম);	০০.০০
০৩।	লুব্রিকেন্টস, লুব্রিকটিং অয়েল, গ্রেইন্ট থিনার ইত্যাদি (শীপ স্টোরস পণ্য)	১,৫০,০০০.০০
	সর্বমোট =	১,৫০,০০০.০০

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুলতান মোঃ ইকবাল

সদস্য (শুক: রপ্তানি, বন্ড ও আইটি)।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

প্রশাসন শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭/১১ জুন ২০২০

নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৮.১৯-১১৬—যেহেতু জনাব এ জেড এম শফিউল হান্নান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্তকৃত), ২৬-০৯-১৭ তারিখ হতে কুষ্টিয়া গণপূর্ত বিভাগে কর্মরত অবস্থায় ১৭-০১-২০১৯ খ্রিঃ তারিখে আনুমানিক ৪.১৫ ঘটিকায় কুষ্টিয়া মেডিকেল কলেজ ও ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন প্রকল্পের নির্মাণাধীন হাসপাতালের একাংশের ছাদ ঢালাইয়ের সময় ধসে পড়ে এবং শ্রমিক হতাহত হয়। উক্ত ঘটনার প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর হতে ১৭-০১-২০১৯ খ্রিঃ তারিখের ২৫.৩৬.০০০০.২১৩.২৭.৪৮০.২০১৯-৪১/১ সংখ্যক স্মারকে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিয়মিত সাইট পরিদর্শন ও তদারকিতে ঘাটতি রয়েছে মর্মে তদন্ত কমিটি দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করেন। সে প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর হতে ২৩-০১-২০১৯ খ্রিঃ তারিখের ২৫.৩৬.০০০০.২১৩.২৭.৪৮০.১৯-৭১ সংখ্যক স্মারকে তাকে কারণ দর্শানো হয়। গণপূর্ত অধিদপ্তর হতে দাখিলকৃত প্রতিবেদনের আলোকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ৩১-০১-২০১৯ তারিখের ২৫.০০.০০০০.০১৩.২৭.০০২.১৯-২৭ সংখ্যক স্মারকে সাময়িক-ভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক গণপূর্ত অধিদপ্তরের ২৩-০১-২০১৯ তারিখের কারণ দর্শানোর জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয় নাই। সে কারণে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৮-০৫-২০১৯ তারিখের ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৮.১৯-১২৪ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক তাকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলায় লিখিত জবাব প্রদান করেন এবং তার ব্যক্তিগত শুনানি গ্রহণক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) এর আওতায় সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ও তদারকিতে কেবলমাত্র কর্তব্যে অবহেলা প্রদর্শনের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন। পরবর্তীতে অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি ৯ মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং লিখিত জবাবের স্বপক্ষে কাগজপত্র ও প্রমাণাদি দাখিল করেন। উপ বিভাগীয় প্রকৌশলী, উপ সহকারী প্রকৌশলী তাদের ব্যক্তিগত শুনানিকালে লিখিত ও মৌখিক বক্তব্যে বাঁশ ও কাঠের ব্যবহারের বিষয়টি নির্বাহী প্রকৌশলীকে

০৮-০৮-২০১৭ তারিখে পত্র দিয়ে অবগত করেন। কিন্তু, জনাব এ জেড এম শফিউল হান্নান কুষ্টিয়া গণপূর্ত বিভাগে যোগদান করেন ২৬-০৯-২০১৭ তারিখে। সেক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী হিসেবে জনাব এ জেড এম শফিউল হান্নান যোগদানের পর বিষয়টি তাকে অবহিত করা উচিত ছিল মর্মে লিখিত জবাবে উল্লেখ করেন;

যেহেতু, নির্বাহী প্রকৌশলী পদটি জেলার গণপূর্ত বিভাগের প্রধান পদ। জেলায় চলমান/সমাপ্ত সকল পূর্ত কাজ তার তত্ত্বাবধান/দিক নির্দেশনায় সম্পাদিত হয়। জেলার কোর অফিসার হওয়ায় তাকে প্রশাসনিক কাজেও ব্যস্ত থাকতে হয়। কিন্তু তথাপিও জেলার গুরুত্বপূর্ণ অবকাঠামো নির্মাণ প্রকল্প পরিদর্শন বা মনিটর করা তার দায়িত্ব। আলোচ্য নির্মাণ কাজটির ক্ষেত্রে তার অধস্তন কর্মকর্তাবৃন্দ তাকে যথাযথভাবে অবগত করেননি মর্মে প্রতীয়মান হয়। তার অনুমতি/পরিকল্পনা ব্যতিরেকে কাজটি সম্পাদন করতে যাওয়ার প্রেক্ষিতে দুর্ঘটনাটি ঘটে। এক্ষেত্রে তাকে সম্পূর্ণরূপে দোষী সাব্যস্ত করা সমীচীন নয়। তবে জেলা প্রধান হিসেবে তার নেতৃত্বে, তত্ত্বাবধান ও মনিটরিং এর ক্ষেত্রে আরো সচেতন হওয়া প্রয়োজন ছিল। এছাড়া অভিযুক্ত কর্মকর্তা উক্ত অভিযোগের কারণে ৩১-০১-২০১৯ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত রয়েছেন;

যেহেতু, জনাব এ জেড এম শফিউল হান্নান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্তকৃত), কুষ্টিয়া গণপূর্ত বিভাগ এর বিরুদ্ধে “অসদাচরণ” এর অভিযোগে রুজুকৃত ০২/২০১৯ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(১)(খ) মোতাবেক তার ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে ০১ (এক) বছরের জন্য স্থগিত” করা হলো এবং ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। এছাড়া এ মন্ত্রণালয়ের ৩১-০১-২০১৯ তারিখে ২৫.০০.০০০০.০১৩.২৭.০০২.১৯-২৭ নম্বর স্মারকে জারীকৃত সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো এবং সাময়িক বরখাস্তকালীন সময় তার চাকরিকাল হিসেবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ শহীদ উল্লা খন্দকার
সচিব।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

আদেশ

তারিখ : ০৩ আষাঢ় ১৪২৭/০৭ জুন ২০২০

বিষয়: বিভাগীয় মামলা নং-০১/২০১৯ এর দণ্ডদেশের বিরুদ্ধে
আপিল মামলা নং-০১/২০২০ এর রায় অবহিতকরণ।

সূত্র: (১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৭-০১-২০২০
তারিখের নং-৩৩.০০.০০০০.১০৮.৯৯.০৪৬.০৯-১১২
সংখ্যক স্মারক।

(২) জনাব মো: জাহিদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা এর
১৭-০২-২০২০ তারিখের আপিল আবেদন।

নং ৩৩.০০.০০০০.১০৮.৯৯.০৪৬.০৯.৬৫১—উপর্যুক্ত বিষয়ে বিভাগীয় মামলা নং-০১/২০১৯ এ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা (মৎস্য-১ অধিশাখা), প্রাক্তন প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-৩ অধিশাখা) জনাব মোঃ জাহিদুল ইসলাম এর বিরুদ্ধে অসদাচরণের দায়ে সূত্রস্থ ১ নং পত্রের মাধ্যমে জারীকৃত ০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতের দণ্ডদেশ সূত্রস্থ ২ নং পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে এতদ্বারা বাতিল ও অকার্যকর করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

শাহীন মাহবুবা
যুগ্মসচিব।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
সংস্থা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭/০৭ জুন ২০২০

নং ৫৬.০০.০০০০.০১৯.৩৭.০০৪.১৮.৫২—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীন “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের মাধ্যমে সারাদেশে মোট ৪১৭৬টি (সৌদি আরবে ১৫টি সহ) শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। একটি জ্ঞান নির্ভর তরুণ প্রজন্ম বিনির্মাণের লক্ষ্যে প্রতিটি ল্যাবকে কেন্দ্র করে ক্লাব গঠনের মাধ্যমে ল্যাবসমূহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য শেখ রাসেল আইসিটি ক্লাব গঠন করা প্রয়োজন। সুষ্ঠুভাবে ল্যাবসমূহ পরিচালনার জন্য গত ০২-০৩-২০২০ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক পূর্ববর্তী কমিটি বিলুপ্ত করে নিম্নরূপভাবে কমিটি পুনঃগঠন করা হলো :

আহ্বায়ক

(১) প্রধান শিক্ষক

সদস্যবৃন্দ

- (২) ছাত্র-ছাত্রীদের প্রতিনিধি (০৫ জন : ৬ষ্ঠ হতে দ্বাদশ) (প্রযোজ্য ক্ষেত্রে)
- (৩) অভিভাবকের প্রতিনিধি (০১ জন : প্রধান শিক্ষক কর্তৃক নির্ধারিত)
- (৪) ইয়ং বাংলার প্রতিনিধি (০১ জন)

সদস্য-সচিব

(৫) আইসিটি শিক্ষক

কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

- ১। সর্ব সাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ
- ২। ক্লাবসমূহ দৈনিক কমপক্ষে তিন ঘন্টা সদস্যদের ব্যবহারের জন্য উন্মুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ
- ৩। স্কুল কর্তৃপক্ষের মাধ্যমে ক্লাবটি নিয়মিত ব্যবহার উপযোগী রাখতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ
- ৪। ক্লাব পরিচালনা সংক্রান্ত বিষয়ে প্রণীত নীতিমালা যথাযথ বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ
- ৫। আইসিটি অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রতিনিধি নিয়মিত ক্লাবটির কার্যক্রম পর্যবেক্ষণ ও মান নিশ্চিতসহ প্রতিমাসে সংশ্লিষ্ট ক্লাবের চলমান অগ্রগতি ও বিদ্যমান অবস্থা আইসিটি অধিদপ্তরকে অবহিত করবেন।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলাধীন ল্যাবসমূহের সার্বিক পরিচালনা ও সমন্বয়কের ভূমিকা পালন করবেন। আইসিটি অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত সহকারী প্রোগ্রামারগণ সহকারী সমন্বয়ক এর দায়িত্ব পালন করবেন। পাশাপাশি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সিটি কর্পোরেশন এলাকায় স্থাপিত ল্যাবসমূহের সার্বিক পরিচালনা ও সমন্বয়কের ভূমিকা পালন করবেন এবং প্রোগ্রামারগণ সহকারী সমন্বয়ক এর দায়িত্ব পালন করবেন।

৩। গত ৩১-০৫-২০১৬ তারিখে ৫৬.০০.০০০০.০২৮.২০.০৪৭.১৫-৭০৫ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পত্রটি বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাইনুল হক ভূঁইয়া
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
শৃঙ্খলা শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ আষাঢ় ১৪২৭/১৮ জুন ২০২০

নং ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৮.১৮-৯৪—যেহেতু ডাঃ জোবায়দা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ফরিদগঞ্জ, চাঁদপুর (মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলায় কর্মকালীন অভিযোগ) বিভিন্ন সময়ে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন। তদুপরি পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন, স্বাস্থ্য সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন, মহাপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ কর্তৃক উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিরাজদিখান, মুন্সীগঞ্জ পরিদর্শনকালে এবং বিভিন্ন মাসিক সভা-সমন্বয় সভা ও বিশেষ সভায় বিনা অনুমতিতে অনুপস্থিতির কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

২। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। ফলে, গত ২১-০৭-২০১৯ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে ডাঃ জোবায়দা পারভীন জানান যে, তার বিরুদ্ধে আনীত অভিযোগনামায় বর্ণিত বিভিন্ন তারিখে তিনি অসুস্থতাজনিত কারণে কর্মস্থলে, পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন, মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ কর্তৃক উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিরাজদিখান, মুন্সীগঞ্জ পরিদর্শনকালে এবং বিভিন্ন মাসিক সভা ও সমন্বয় সভায় বিভিন্ন তারিখে উপস্থিত থাকতে পারেন নাই। তবে, বিভিন্ন সময়ে অনুপস্থিতকালীন ছুটির জন্য উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, মুন্সীগঞ্জ, বরাবর নৈমিত্তিক ছুটির আবেদন করেছেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রদত্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেছেন। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা সঠিক হয় নাই মর্মে তিনি শুনানিকালে জানান। এই জন্য তিনি দুঃখ প্রকাশ করেছেন এবং নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেছেন। তদুপরি তিনি বিভাগীয় মামলাটি থেকে অব্যাহতির জন্য অনুরোধ করেছেন।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ জোবায়দা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ফরিদগঞ্জ, চাঁদপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’ এর অভিযোগসমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং যেহেতু তিনি নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেছেন এবং মামলার দায় থেকে অব্যাহতির প্রার্থনা করেছেন।

৪। সেহেতু, সার্বিক বিষয় বিবেচনা করে ন্যায় বিচারের স্বার্থে ডাঃ জোবায়দা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ফরিদগঞ্জ, চাঁদপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’ এর অভিযোগে উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড প্রদান করা হলো। তার অননুমোদিত অনুপস্থিতকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আলী নূর
সচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭

আদেশ

তারিখ : ৬ জুলাই ২০২০

নং বিচার-৭/২-এন-১১১/৮১-১০৬—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ মাহফুজুর রহমান, পিতা-বজলুর রহমান, মাতা-ফাতেমা বেগম, গ্রাম-টুকাকান্দি, ডাকঘর-আদমপুর, উপজেলা-অষ্টগ্রাম, জেলা-কিশোরগঞ্জ এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম উপজেলার ০৬ নং আদমপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল হক
সিনিয়র সহকারী সচিব।